সমকাল

তারিখ 01 DEC 2015
পৃষ্ঠা [illegible] কলাম 2

### পাঞ্জাবি-বোরখা পরা নিয়ে দ্বন্দ্ব

# উত্তরায় পুলিশ-শিক্ষার্থী সংঘর্ষে আহত ২০

■ সমকাল প্রতিবেদক

পাঞ্জাবি-বোরখা পরিধান করা নিয়ে রাজধানীর উত্তরায় ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজির (আইইউবিএটি) শিক্ষার্থীদের দুটি পক্ষের মধ্যে বিরোধের জের ধরে এক পক্ষ গতকাল সোমবার সড়ক অবরোধ ও বিক্ষোভ করে। তাদের রাস্তা থেকে সরিয়ে দিতে গেলে পুলিশের সঙ্গে সংঘর্ষ বাধে। এতে অন্তত ২০ জন আহত হয়।

পুলিশ জানিয়েছে, শিক্ষা প্রতিষ্ঠানটিতে পোশাক হিসেবে পায়জামা-পাঞ্জাবি-বোরখার পক্ষে ও বিপক্ষে শিক্ষার্থীদের দুটি গ্রুপ রয়েছে। একটি পক্ষ ক্যাম্পাসে পাঞ্জাবি ও বোরখা পরিধান করায় কর্তৃপক্ষের কাছ থেকে বাধ্যবাধকতা চাইলেও অন্য পক্ষ তা মানতে নারাজ। এ নিয়ে পায়জামা-পাঞ্জাবি-বোরখা পরা গ্রুপটির সঙ্গে সাধারণ পোশাক পরা গ্রুপের দ্বন্দ্ব চলে আসছিল।

উত্তরা পশ্চিম থানা পুলিশ জানায়, গতকাল দুপুর আড়াইটার দিকে পাঞ্জাবি ও বোরখা পক্ষের গ্রুপটি কামারপাড়া সড়ক অবরোধ করে বিক্ষোভ করতে থাকে। এক পর্যায়ে তারা সড়কের পাশে গাড়ি ভাংচুর করে। ঘণ্টাখানেক পর পুলিশ শিক্ষার্থীদের ধাওয়া দিয়ে সরিয়ে দিতে গেলে সংঘর্ষের সৃষ্টি হয়। শিক্ষার্থীরা গাড়ি ভাংচুরের পাশাপাশি পুলিশকে লক্ষ্য করে ইট ছুড়তে থাকে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে নিতে পুলিশ ছররা গুলি ও টিয়ার গ্যাসের শেল ছোড়ে। এতে বেশ কয়েকজন আহত হয়।

উত্তরা পশ্চিম থানার পরিদর্শক (তদন্ত) আবদুর রাজ্জাক জানান, কিছু শিক্ষার্থী পাঞ্জাবি ও টুপি এবং কিছু মেয়ে বোরখা পরে ক্লাস করে। অনেক সাধারণ শিক্ষার্থী এর বিরোধী। এ নিয়ে দু'পক্ষের আলোচনা হওয়ার কথা ছিল। এর আগেই পাঞ্জাবি ও বোরকা পরার পক্ষের শিক্ষার্থীরা রাস্তায় নেমে পড়ে।

উত্তরা পশ্চিম থানার ওসি আলী হোসেন জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে তারা কয়েক রাউন্ড টিয়ার গ্যাসের শেল ও ছররা গুলি ছোড়েন।